দৈনিক খবর

তারিখ .. 20 DEC 1992
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭

১২৫

# রংপুর সরকারী কলেজের ডিগ্রী পরীক্ষা বাতিলঃ প্রতিবাদ ।। কলেজে তালা

রংপুর, ১৯শে ডিসেম্বর (জেলা প্রতনিধি লিয়াকত আলী বাদল)।– রংপুর সরকারী কলেজের ডিগ্রী পরীক্ষার ফলাফল বাতিল করার প্রতিবাদে আজ ছাত্রলীগ (বা-কা) কর্মীরা কলেজের সকল শ্রেণী কক্ষ, প্রশাসনিক ভবন এবং প্রিন্সিপালের কক্ষে তালা লাগিয়ে দেয়।

বিক্ষোভকারীরা ঘটনার সাথে জড়িত রাজশাহী বোর্ড কর্তৃপক্ষের ও কলেজের ভাইস-প্রিন্সিপালের অবিলম্বে পদত্যাগ দাবীকরে।

তারা কলেজের শহীদ মিনার চত্বরে এক প্রতিবাদ সভার আয়োজন করে। কলেজ সংসদের ভিপি নূর আহমেদ দুলালের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় এজিএস মাসুদ নবী মুন্না এবং ছাত্রলীগ (বা-কা) নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

বক্তাগণ অভিযোগ করেন যে, রাজশাহী বোর্ড কর্তৃপক্ষ কোন প্রকার কারণ ছাড়াই কলেজের ৩শ' ৭৫ জন ছাত্রের ফলাফল বাতিল করেছেন। ফলে এসব ছাত্ররা এখন চরম অনিশ্চয়তার মধ্যে পড়েছে। তারা অভিযোগ করেন যে, কলেজের ভাইস-প্রিন্সিপাল এবং তার সহযোগীরা একমাত্র ছাত্রবাস মুসলিম উদ্দিন ছাত্রাবাসটি ভুয়া কাগজপত্র দেখিয়ে দখল করার চেষ্টা চালাচ্ছেন।

তারা আরও অভিযোগ করেন যে, জাতীয়তাবাদী ছাত্রদলের সন্ত্রাসীরা ছাত্রলীগ (বা-কা) কর্মীদের উপর গত ৯ই ডিসেম্বর হামলা চালিয়েছে; তারা সন্ত্রাসীদের গ্রেফতার করার জন্য কর্তৃপক্ষের প্রতি আহবান জানান।

পরে তারা একটি মিছিল করে এবং ডিসি অফিসে একটি স্মারকলিপি প্রদান করেন।